গাংনীর বামন্দী সড়কে রাস্তায় গাছ ফেলে গণডাকাতি

মেহেরপুরের গাংনী উপজেলার বামন্দী পুলিশ ক্যাম্পের অদূরে বামন্দী- তেঁতুলবাড়িয়া সড়কে গাছ ফেলে আবারও ডাকাতির ঘটনা ঘটেছে।

গতকাল শনিবার রাত সাড়ে এগারোটা থেকে রাত আড়ইটা পর্যন্ত ডাকাতরা পথচারীদের কাছ থেকে টাকা পয়সা লুট করে নির্বিঘ্নে স্থান ত্যাগ করে। পরে পুলিশের একটি টীম ডাকাতের কবলে পড়া পথচারীদেরকে উদ্ধার করে।

দেবীপুরের জাহিদ হাসান জানান, তিনি তার ক্লিনিকে দাপ্তরীক কাজ শেষে নিজ গ্রাম দেবীপুর যাচ্ছিলেন। এসময় তিনি ডাকাতদের কবলে পড়েন। ডাকাতরা রাস্তায় গাছ ফেলে পথরোধ করে অন্ততঃ ২০ জনকে অস্ত্রের মুখে জিম্মী করে টাকা পয়সা ও মোবাইল ফোন কেড়ে নেয়। ডাকাত দলটি একটি ট্রাক থামিয়ে পথচারীদেরকে ট্রাকে উঠতে বলে। তিন ঘন্টা ব্যাপী সড়কে অবস্থান নিয়ে ডাকাতরা অন্ততঃ দেড়লাখ টাকা লুট করে নেয়। পরে ডাকাতরা লুট করা মোবাইল ফোনগুলো ফেলে স্থান ত্যাগ করে। টের পেয়ে বামন্দী ক্যাম্প পুলিশের একটি টীম ঘটনাস্থলে গিয়ে পথচারীদেরকে উদ্ধার করে বাড়ি পাঠায়। একই কথা জানালেন ডাকাতের কবলে আসিক আহমেদ।

উল্লেখ্য, চার মাস আগেও একই স্থানে পথচারীদেরকে জিম্মী করে নগদ টাকা ও স্বর্ণালঙ্কার লুট করে ডাকাত দল। পুলিশের টহল জোরদার না করায় ডাকাতির ঘটনা ঘটছে বলে জানিয়েছেন স্থানীয়রা।

গাংনী থানার ওসি আব্দুর রাজ্জাক জানান, ডাকাতির ঘটনা তিনি শুনেছেন এবং ঘটনাস্থল পরিদর্শ করেন।ডাকাতদের সনাক্ত করে গ্রেপ্তারের চেষ্টা চলছে বলেও জানান ওসি।

গাংনীতে বিকাশে জাল নোট দিয়ে ধরা খেলেন পটুয়াখালির ফকরুল

১২ হাজার টাকার জাল নোট বিকাল করতে এসে জনতার হাতে আটক হলেন পটুয়াখালী জেলার ফখরুল ইসলাম (৪১) নামের এক প্রতারক।

ফখরুল ইসলাম পটুয়াখালী জেলার বাউফল উপজেলার খেজুরবাড়িয়া গ্রামের মৃত সিরাজুল ইসলামের ছেলে।

শনিবার (২৪ সেপ্টেম্বর) বিকাল ৪ টার দিকে গাংনী উপজেলার করমদী বাজার এলাকায় এই প্রতারণা করতে গিয়ে জনতার হাতে আটক হন এই প্রতারক। পরে তাকে কিছু উত্তম মাধ্যম দিয়ে গাংনী থানা পুলিশের কাছে সোপর্দ করে।

গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আব্দুর রাজ্জাক এ তথ্য নিশ্চিত করেছেন।

তেঁতুলবাড়িয়া ইউপির ৭ নং (ওয়ার্ডের সদস্য) করমদি গ্রামের মেম্বর আব্দুল ওহাব বলেন, স্থানীয় একটি বিকাশের দোকানে ১২ হাজার টাকা বিকাল করে এজেন্টকে জাল টাকা দিয়ে প্রতারক ফখরুল ইসলাম ধরা পড়ে। পরে তাকে ১২টি জাল ১ হাজার টাকার নোট সহ বামন্দী পুলিশ ফাঁড়ির কাছে সোপর্দ করা হয়েছে।

এ ঘটনায় মামলা দায়ের পূর্বক আদালতে সোপর্দ করা হবে।

গাংনীর গাঁড়াডোবে ২ বিঘা কপি বিনষ্ট করলো দূর্বৃত্তরা

প্রান্তিক কৃষকের কলা ক্ষেত বিনষ্টের ৬ মাস পর এবার দুই বিঘা জমির বাঁধা কপি বিনষ্ট করেছে দূর্বৃত্তরা।

কলার সেই ক্ষতি পুষিয়ে নিতে ধারদেনা করে করেছিলেন বাঁধাকপির চাষ।

সেটাও বিনষ্ট করে দিলো দূর্বৃত্তরা। দায় দেনা পরিশোধ করতে এবার দিশেহারা হয়ে পড়লেন গাংনী উপজেলার গাঁড়াডোব গ্রামের পুকুরপাড়া এলাকার বর্গা চাষী হাফিজুর রহমান।

গাঁড়াডোব পোড়াপাড়া মাঠে বৃহষ্পতিবার দিবাগত রাতের কোনো এক সময় আগাছা নাশক বিষ প্রয়োগ করে কপি ক্ষেত নষ্ট করে।

দুই বিঘা জমিতে প্রায় দেড় লাখ টাকার ক্ষয় ক্ষতি হয়েছে বলে দাবী করেছেন ভুক্তভোগী কৃষক হাফিজুর রহমান।

কৃষক হাফিজুর রহমান হাপু জানান, অন্যের কাছ থেকে ধার দেনা করে কপি চাষ করেছি। জমিতে কপি বাঁধা শুরু হয়েছে। আশা ছিল কপি বিক্রি করে তিনি ধারদেনা পরিশোধ করবেন। আমার সেই আশা আজ ভেঙ্গে চুরমার হয়ে গেছে।

শুক্রবার (২৩ সেপ্টেম্বর)সকালে গিয়ে দেখা গেছে আগাছা নাশক বিষে জমির সব কপি পুড়ে গেছে।পূর্ব শত্রতার জের ধরে এ ধরণের কাজ করেছে বলে জানান ওই কৃষক।

উল্লেখ্য, ছয়মাস আগে তিনি ওই জমিতে কলার চাষ করেছিলেন। সেসময়ও দূর্বৃত্তরা কলাক্ষেত কেটে বিনষ্ট করে। কারা এধরণের ক্ষতি করছে তা বুঝে উঠতে পারছেন না তিনি।

গাংনী সীমান্তে ৪০ লাখ টাকার ভারতীয় আঁতশবাজি উদ্ধার করেছে বিজিবি

কুষ্টিয়া ব্যাটালিয়ন (৪৭ বিজিবি) গাংনী উপজেলার কাজিপুর (বিওপি) সদস্যরা মাদক ও চোরাচালান বিরোধী অভিযান পরিচালনা করে পরিত্যক্ত অবস্থায় ১৫ হাজার ৯৬০ পিচ ভারতীয় আঁতশবাজি উদ্ধার করেছে।

আজ শুক্রবার (২৩ সেপ্টেম্বর) দুপুরের দিকে গাংনী উপজেলার কাজিপুর

সীমান্তের আন্তর্জাতিক পিলার ১৪৬/৩এস এর ৩০০ গজ বাংলাদেশ অভ্যন্তরে এগুলো দেখতে পেয়ে বিজিবি সদস্যরা উদ্ধার করেন।

গাংনী উপজেলার কাজিপুর বিওপি ক্যাম্পের ইনচার্জ সুবেদার মো: মজিবুল হকের নেতৃত্বে সঙ্গীয় ফোর্সসহ অভিযান চালিয়ে এই আঁতশবাজি উদ্ধার করে।

আতশবাজিগুলোর আনুমানিক মূল্য প্রায় ঊনচল্লিশ লক্ষ নব্বই হাজার টাকা বলে জানানো হয়েছে কুষ্টিয়া ব্যাটালিয়ন (৪৭ বিজিবি) সেক্টরের পক্ষ থেকে।

এঘটনায় কুষ্টিয়া ব্যাটালিয়ন (৪৭ বিজিবি) কাজিপুর বিওপি ক্যাম্পের পক্ষ থেকে গাংনী থানায় একটি সাধারণ ডাইরি করা হয়েছে।

গাংনীতে হেডফোন নষ্ট হওয়ায় কিশোরের বিষপান

মোবাইল ফোনের ব্লুটুথ হেডফোন নষ্ট হওয়ায় পিতার ভয়ে বিষপান করে আত্মহত্যার চেষ্টা করেছে নয়ন হোসেন (১৪) নামের এক স্কুল ছাত্র।

নয়ন হোসেন গাংনী উপজেলার ধানখোলা উত্তরপাড়া এলাকার কৃষক মিনারুল ইসলামের ছেলে। নয়ন ধানখোলা মাধ্যমিক বিদ্যালয়ের ৬ষ্ঠ শ্রেনীর ছাত্র।

গতকাল বৃহস্পতিবার (২২ সেপ্টেম্বর) সন্ধ্যার দিকে নয়ন হোসেন বাড়িতে বিষপান করে। পরে মূমূর্ষ অবস্থায় তাকে উদ্ধার করে গাংনী উপজেলা হাসপাতালে নিয়ে আসে।

নয়নের মা রাশিদা খাতুন বলেন, মোবাইল ফোনের হেডফোন নষ্ট হয়ে যাওয়ায় সে বিষপান করেছে।

গাংনী উপজেলা হাসপাতালের জরুরী বিভাগে কর্মরত উপসহকারী কমিউনিটি মেডিকেল অফিসার (স্যাকমো) শরীফুল ইসলাম বলেন তার বিষ উঠানো হয়েছে। তবে এখন সে আশংকামুক্ত।

গাংনীতে এসিআই মোটরস এর সোনালিকা ডে ও মতবিনিময় সভা

এসিআই মোটরস এর আয়োজনে গাংনীর বাঁশবাড়িয়া মাধ্যমিক বিদ্যালয় ফুটবল মাঠে অনুষ্ঠিত হয়েছে সোনালিকা ডে- ২০২২ এর বার্ষিক সার্ভিস ও মতবিনিময় সভা।

বৃহস্পতিবার বেলা ১১ টার সময় এ মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়।

এসিআই মটরস এর সিনিয়র রিজিওনাল ম্যানেজার যশোর রিজিয়ন আব্দুল্লাহ আল মামুন এর সভাপতিত্বে এবং এসিআই মটরস এর সিনিয়র ট্যারিটরি ম্যানেজার মাহফুজুর রহমান এর সঞ্চালনায় অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন আইটিএল ইন্ডিয়া এর সার্ভিস হেড বাংলাদেশ মিঃ দিপেন্দু রায়।

অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন এসিআই মটরস এসিআই মটরস এর সেলস বিভাগের সিনিয়র এরিয়া ম্যানেজার আব্দুল্লাহ আল মামুন, সিনিয়র রিজিওনাল ম্যানেজার অরুন কান্তি। অনুষ্ঠানে মেহেরপুর জেলার বিভিন্ন কৃষি উদ্দোক্তাগণ,সোনালিকা ট্যাক্টর এর মালিকগণ সহ এলাকার বিভিন্ন শ্রেণীপেশার মানুষ অংশগ্রহণ করেন।

অনুষ্ঠানে অতিথিগণ প্রদর্শনীর জন্য এসিআই মটরস এর সোনালিকা ট্যাক্টর, এর সার্ভিসসহ বিভিন্ন স্টল পরিদর্শন করেন এবং এসিআই মোটরস দক্ষিণাঞ্চলের এ্যাসিস্ট্যান্ট জেনারেল ম্যানেজার আতিয়ার রহমান ও এসিআই মটরস বিভিন্ন মেশিনারী ও কৃষকদের বিভিন্ন সেবা প্রদানের জন্য এসিআই মোটরস এর সার্ভিস বিভাগের ডেপুটি জেনারেল ম্যানেজার রেদোয়ানুল ইসলাম। অনুষ্ঠানে আরও বক্তব্য রাখেন গাংনী টেরিটোরির সিনিয়র ম্যানেজার ফয়সাল আহমেদ।

অনুষ্ঠানে এসিআই মোটরস এর সোনালিকা ট্যাক্টর ও এর বিভিন্ন স্পেয়ার পার্টস ও এর সার্ভিসিং গুলো নিয়ে অনেকগুলো স্টল দেয়া হয়। এসিআই মোটরস এর যে সমস্ত গ্রাহকরা সোনালিকা ট্যাক্টর ক্রয় করেছেন তাদের কে নিয়ে এ মেলার আয়োজন করা হয়। এসিআই মোটরস এর পক্ষ থেকে গ্রাহকেূর জন্য বিক্রয়ের সেবা এবং বিভিন্ন অফার ও

সুযোগ সুবিধার কথা তাদের জানানো হয়। মেলা স্টলে ৪ টি সোনালিকা ট্যাক্টর গ্রাহকদের ডেলিভারি দেয়া হয়।

এছাড়া দিনব্যাপি এ অনুষ্ঠানে গ্রাহকদের জন্য বিভিন্ন রকন খেলা, নাস্তা লাঞ্চসহ বিভিন্ন গিফট আইটেম প্রদান করা হয়। মেলায় সোনালিকা ট্যাক্টরের বিক্রয় পরবর্তী কোন সমস্যা তাৎক্ষণিক সমাধান দেয়া হয়। সোনালিকা ট্যাক্টরের গ্রাহকরা এসিআই মোটরস এর সেবায় আনন্দিত ও খুশী বলে তারা জানান।

এসিআই মোটরস ২০০৭ সাল থেকে এসিআই মোটরস বাংলাদেশের কৃষি যান্ত্রিকরনে প্রধান ভুমিকা পালন করছে। এসিআই মোটরস এর ট্যাক্টর ও পাওয়ারটিলার দিয়ে দেশের তিন ভাগের একভাগ কৃষি জমি চাষ করা হচ্ছে। বিগত কয়েকবছর ধরে সোনালিকা ট্যাক্টর বাংলাদেশের ট্যাক্টর ইন্ডাস্ট্রিতে শীর্ষ স্থানে অবস্থান করছে।

গাংনীতে ব্র্যাকের ওরিয়েন্টেশন সভা অনুষ্ঠিত

টিবি,যক্ষ্মা,ম্যালেরিয়া,এইচআইভি এবং কোভিড-১৯ নিয়ন্ত্রণ কার্যকমের উপর ওরিন্টেশেন সভা অনিুষ্ঠিত হয়েছে।]

বৃহস্পতিবার গাংনী উপজেলার বামুন্দি ইউনিয়ন পরিষদ কার্যালয়ের সভাকক্ষে ওরিয়েন্টেশন সভার আয়োজন করে বেসরকারি সংস্থা ব্র্যাক।

জাতীয় যক্ষ্মা নিয়ন্ত্রণ কর্মসুচি ও বেসরকারি সংস্থা ব্র্যাকের যৌথ আয়োজনে অনুষ্ঠিত ওরিয়েন্টেশন কর্মশালায় সভাপতিত্ব করেন বামুন্দি ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মোঃ ওবাইদুর রহমান কমল। স্বাগত বক্তব্য রাখেন ইউপি সচিব মনিরুল ইসলাম।

এসব রোগের প্রতিকার ও চিকিৎসা সংক্রান্ত বিষয়ক আলোচনা করেন ব্র্যাকের এরিয়া সুপারভাইজার (যক্ষ্মা নিয়ন্ত্রণ কর্মসুচি) আবু হানিফ মোড়ল।

ব্র্যাকের প্রোগ্রাম অর্গানাইজার (গাংনী অঞ্চল) শহিদুজ্জামানের

সঞ্চালনায় অনুষ্ঠানে সাব কমিউনিটি মেডিকেল অফিসার নাজমুল হক,ইউপি সদস্যসহ স্থানীয় গন্যমান্য ব্যাক্তিবর্গ ওরিয়েন্টেশনে অংশ গ্রহন করেন।

গাংনীতে মৎস্য অধিদপ্তরের উদ্যোগে মাছের পোনা অবমুক্ত

গাংনী উপজেলার বিভিন্ন জলাভূমি, বর্ষা প্লাবিত ধানক্ষেত ও প্রতিষ্ঠানিক জলাশয়ে পোনা মাছ অবমুক্তি করা হয়েছে।

গাংনী উপজেলা মৎস্য অধিদপ্তরের ২০২২-২৩ অর্থ বছরে রাজস্ব খাতের আওতায় বরাদ্দকৃত অর্থ থেকে গাংনী উপজেলার ৯ টি জলাশয়ে ৩৫৭ কেজি মাছের পোনা অবমুক্ত করা হয়।

জলাশয়গুলোর মধ্যে গাংনী উপজেলা পরিষদ পুকুরে ৩৭ কেজি, গাংনী এতিমখানা পুকুরে ৫০ কেজি, ভাটপাড়া ডিসি ইকোপার্ক সংলগ্ন কাজলা নদীতে ৩০ কেজি, নিত্যনন্দপুর নেলুয়ার বিলে ৪০ কেজি, জোড়পুরিয়া মাধ্যমিক বিদ্যালয় পুকুরে ৪০ কেজি, তেঁতুলবাড়িয়া খালে ৩০ কেজি, সানঘাট হাফিজিয়া মাদ্রাসা পুকুরে ৪০ কেজি, দিগলকান্দি গুচ্ছগ্রাম পুকুরে ৫০ তেজি ও গাংনী থানা পরিষদ পুকুরে ৪০ কেজি মাছ অবমুক্ত করা হয়েছে।

আজ বৃহস্পতিবার (২২ সেপ্টেম্বর) সকালে গাংনী উপজেলা পরিষদ পুকুরে মাছ অবমুক্ত করেন জেলা মৎস্য অফিসার রোকনুজ্জামান।

গাংনী উপজেলা নির্বাহী অফিসার মোসুমী খানমের সভাপতিত্বে এই মাছ অবমুক্ত করণ অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন, গাংনী উপজেলা মৎস্য অফিসার খন্দকার শহিদুর রহমান ও খামার ব্যবস্থাপক ইকবাল শরিফ গাংনী উপজেলা কৃষি অফিসার লাভলী খাতুন, মাধ্যমিক শিক্ষা অফিসার মীর হাবিবুল বাশার, মেহেরপুর-২ আসনের জাতীয় সংসদ সদস্যের প্রতিনিধি মনিরুজ্জামান আতুসহ বিভিন্ন অধিদপ্তরের কর্তকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন।

এছাড়া গাংনী থানা পরিষদ পুকুরে মাছের পোনা অবমুক্ত করেন গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আব্দুর রাজ্জাক। এসময় উপস্থিত ছিলেন, সেকেন্ড অফিসার আব্দুর রাজ্জাক, উপপরিদর্শক (এসআই) হাফিজুর রহমান, এসআই আতিকুর রহমান।

গাংনীতে গ্রাম্য সালিশে একজনকে নির্যাতন ঘটনায় ৩ মাতব্বর গ্রেপ্তার

মেহেরপুরের গাংনীর বানিয়াপুকুর গ্রামে চুরির অপবাদে গ্রাম্য সালিশে বিচার করে জুবায়ের হোসেন (৪০) নামের একজনকে বেদম মারপিট করে রক্তাক্ত জখম করা হয়েছে এবং এক লাখ টাকা জরিমানা আদায় করা হয়েছে।

নির্যাতনের শিকার জুবায়ের হোসেন ষোলটাকা গ্রামের আইয়ুব হোসেনের ছেলে। আহত জুবায়ের হোসেন গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে চিকিৎসাধীন রয়েছে।

এ ঘটনায় মঙ্গলবার সন্ধ্যায় জুবায়ের বাদী হয়ে ৮জনকে নামীয় ও আরো ১০/১২ জনকে অজ্ঞাত আসামী করে গাংনী থানায় মামলা করে। গাংনী থানা পুলিশ গ্রাম্য মাতব্বর শরিয়তসহ তিনজনকে গ্রেপ্তার করে। অন্যান্য দুজন আসামী হচ্ছেন- শহিদুল ইসলাম ও রাশেদুল ইসলাম বিদ্যুত। তিনজনকে গ্রেপ্তার করে আদালতে পাঠিয়েছে পুলিশ।

আহত জুবায়ের হোসেন জানান, তিনি সোমবার রাতে বানিয়াপুকুর গ্রামের পাশে নিজ পুকুর পাড়ে মাছ পাহারা করছিলেন। এসময় গ্রামের মাহাতাব আলীর ছেলে আলাল, আচেল উদ্দীনের ছেলে রবিউল ও মোজাফের ছেলে আজাম্মেল ওই জুবায়ের হোসেনকে বেধড়ক মারপিট করে। এতে জুবায়ের হোসেনের দুই পা হাত ও পিঠে জখম হয়। পরে তারা জুবায়েরকে প্রাইমারী স্কুলের একটি কক্ষে আটক রাখে।

মঙ্গলবার সকালে হেমায়েতপুর ক্যাম্প পুলিশের উপস্থিাতিতে সালিশ

বৈঠকের ডাক দেয়া হয়। সালিশে জুবায়েরকে কোন কথা বলার সুযোগ না দিয়ে ৩০০ টাকা মুল্যের নন জুডিশিয়াল স্ট্যাম্পে মুচলেকা নেয়া হয়। সেই সাথে এক লাখ টাকা জরিমানা আদায় করা হয়। মারাত্মক আহত জুবায়েরকে তার পরিবারের লোকজন উদ্ধার করে গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি করে।

বানিয়াপুকুর গ্রামের প্রধান মাতব্বর শরিয়ত জানান, গ্রামের লোকজন জুবায়েরের বিরুদ্ধে নানা অভিযোগ তুলে ধরে বিচার সালিশ বসিয়েছে তাই সামাজিক ভাবে তার বিচার করা হয়েছে। গ্রাম্য বিচারে আদায়কৃত টাকা কী কাজে ব্যবহার করা হবে জানতে চাইলে তিনি সামাজিক উন্নয়নের কাজে ব্যবহার করা হবে বলেও জানান তিনি। সালিশীতে একলাখ টাকা জরিমানা করতে পারে কি না? এমন প্রশ্নের জবাব মেলেনি।

ষোলটাকা গ্রামের সাবেক মেম্বর ময়নাল হক জানান, তিনিসহ ষোলটাকা গ্রামের লোকজন জুবায়েরকে নিতে এসেছিলাম কিন্তু বানিয়াপুকুর গ্রামের সমাজপতিরা জুবায়েরকে না দিয়ে জরিমানা করেছে এবং মুচলেকা লিখে নেয়। ঘটনাস্থলে পুলিশ থাকার পরও কিভাবে সালিশের নামে মারধর করে তা বোধগম্য নয়। সমাজপতিরা যে মোটা টাকা জরিমানা করেছে তা সম্পুর্ণ অবৈধ।

গাংনী থানার ওসি আব্দুর রাজ্জাক জানান, জুবায়ের হোসেনের দায়ের করা মামলাটি আমলে নিয়ে ঘটনার সত্যতা পাওয়ায় ইতোমধ্যে তিনজনকে গ্রেপ্তার করেছেন। আসামীদেরকে বুধবার দুপুরে মেহেরপুর আদালতে প্রেরণ করা হয়। অন্যান্য আসামীদেরকে গ্রেপ্তারের চেষ্টা চলছে বলেও জানান ওসি।

গাংনীতে ১ বছরের সাজাপ্রাপ্ত শরিফা গ্রেফতার

এক বছরের সাজাপ্রাপ্ত আসামি শরিফা খাতুন (৩০) কে গ্রেফতার করেছে গাংনী থানা পুলিশ। শরিফা খাতুন গাংনী পৌর শহরের চৌগাছা গ্রামের ডিগ্রী কলেজপাড়া এলাকার সামসুজ্জামান দুদুর মেয়ে।

গাংনী থানা পুলিশের একটি টিম রবিবার দিবাগত রাতে তার বাড়িতে অভিযান চালিয়ে শরিফা খাতুনকে গ্রেফতার করে। গাংনী থানার ওসি আব্দুর রাজ্জাক এ তথ্য নিশ্চিত করেছেন।

শরিফা খাতুনকে সিআর ৩৮০/১৮ সেসন নং ১১২/১৯ মামলায় আদালত ১ বছর সাজা প্রদান করেন। এরপর থেকে সে পলাতক ছিল। আদালতের পরোয়ানা পেয়ে তাকে গ্রেফতার করা হয়েছে।

শরিফা খাতুনকে আজ সোমবার (১৯ সেপ্টেম্বর) দুপুরের দিকে আদালতে প্রেরণ করা হয়েছে।